কোহলি বলেন, "কেরিরারের এই পর্যায় এসেও প্রতিটা ম্যাচের আগে একই রকম উজ্জ্বলিত থাকি। নিজের ১০০ শতাংশ দেওয়ার চেষ্টা করি। উইকেটের মাঝে দৌড়ের দিকে নজর রাখি। আমি সবসময় ম্যাচের পরিস্থিতি অনুযায়ী ব্যাট করার চেষ্টা করি। যখন সেই

# হরেকরকম হরেকরকম হরেকরকম

## কোন উপসর্গ দেখলেই শরীরচর্চা বন্ধ করতে হবে?



মোট হলেই শরীরে বাসা বাঁধে হাজারটা অসুখ। তাই চিকিৎসকরা বার বার ওজন নিয়ন্ত্রণে রাখার পরামর্শ দেন। তাই ইদানীং ভূঁড়ি বাড়লেই সচেতন মানুষ ভিড় জমাচ্ছেন জিমে গিয়ে। চটজলদি ওজন ঝরতে ভারী ওজন নিয়ে দেদার চলছে শরীরচর্চা। পুজোর আগে ভরশদের মধ্যে শাহরুখ খান, হাতিক রোশনের মতো “সিন্স প্যাক” বানানোর হিড়িক গুঁঠে প্রতি বারই। শরীর

বানানোর তাগিদে পাড়ার জিমে ঘণ্টার পর ঘণ্টা ঘাম ঝরানো, ফিটনেসবিদের পরামর্শ ছাড়াই মুড়িমুড়িকের মতো সাপ্লিমেন্ট খাচ্ছেন কেউ কেউ। কিন্তু শরীরের উপর বাড়তি চাপ দেওয়া কখনওই উচিত নয়। ফিটনেসবিদেরাও কিন্তু সপ্তাহে পাঁচ-ছ’দিন শরীরচর্চা করার পরামর্শ দেন। এ ছাড়া, শরীরে কিছু অস্বস্তি থাকলেও কিন্তু জিমে যাওয়া বন্ধ করতে হবে। জেনে নিন, কোন কোন

শারীরিক অসুবিধা নিয়ে জিমে গেলে হিতে বিপরীত হতে পারে। ১) অফিসের কাজের চাপে রাতে ঘুমোতে যাচ্ছেন আর সকালে তাড়াতাড়ি উঠে পড়ছেন? দিনের পর দিন ঘুম কম হলে শরীরে এমনিতেই ক্লান্তি আসে। সারা দিন অতিরিক্ত ধকলের পর ক্লান্ত শরীর নিয়ে জিমে না যাওয়াই ভাল। ২) অনেকের ক্ষেত্রে অতিরিক্ত শরীরচর্চার করলে ঋতুচক্রের উপর তার প্রভাব পড়ে। তাই নির্দিষ্ট সময়ের পরেও ঋতুস্রাব না হলে জিমে যাওয়া কিছু দিনের জন্য বন্ধ করে দেখতে পারেন। ৩) প্রথম ক’দিন জিমে গেলে কিংবা দীর্ঘ দিন পর জিমে গেলে পেশিতে ব্যথা হতে পারে। তবে নিয়মিত জিম করার পর হঠাৎকোনও দিন পেশিতে ব্যথা হলে একটু সতর্ক হোন। তখন না যাওয়াই শ্রেয়। বড় কোনও চোট আঘাত লাগলেও জিম থেকে

কয়েক দিনের বিরতি নেওয়াই ভাল। এ ছাড়া, পেটে ব্যথা, জ্বর, সর্দি-কাশিতে ভুগলে জিম এড়িয়ে যাওয়াই শ্রেয়। পেটখারাপ কিংবা ডায়েরিয়া হলে শরীর থেকে অনেকটা জল বেরিয়ে যায়, তাই শরীরে জলের ঘাটতি হয়। এ সময়েও জিম এড়িয়ে চলাই ভাল। ৪) আগের রাতে অতিরিক্ত মদ্যপান করলে পরের দিন সকালে শরীরে জলের ঘাটতি হয়, মাথা ঝিমঝিম করে, এই পরিস্থিতি হলে সেই দিনটা জিম থেকে ছুটি নিয়ে নিন। চোট-আঘাত লাগার আশঙ্কা অনেক বেড়ে যায়। ৫) বৃক্ক ব্যথা, হাতে ব্যথা, যাড়ে ব্যথার মতো উপসর্গ দেখলে সেই দিন জিমে যাবেন না। এ ছাড়া, নিঃশ্বাস নিতে আসে, হৃদস্পন্দন বেড়ে যাচ্ছে এমন সমস্যা হলেই সতর্ক হোন। সেই দিন ভুলেও জিমে যাবেন না।

## ব্যথার উপশমে কাপিং থেরাপি

উপড় হয়ে শুয়ে আছেন বাংলার জনপ্রিয় এক তারকা। তাঁর পিঠের উপরে বসানো রয়েছে ছোট ছোট কাপের আকৃতির কয়েকটি কাচের পাত্র। সম্প্রতি এমনই একটি ছবি ঘুরছিল সমাজমাধ্যমে। স্বাভাবিক ভাবেই ওই সব কাচের পাত্রগুলি কী এবং সেগুলি কেন পিঠে বসানো, তা নিয়ে কৌতুহল প্রকাশ করেছিলেন অনেকেই। ফিজিওথেরাপিস্টরা জানাচ্ছেন, দেহের কোনও অংশে এই ভাবে ছোট ছোট পাত্র বসানো আসলে এক ধরনের থেরাপির অঙ্গ। প্রাচীন চিন, ইজিপ্ট এবং মধ্য প্রাচ্যে এর চল ছিল। বর্তমানে এই কাপিং থেরাপি আবার জনপ্রিয় হচ্ছে। কাপিংয়ের ব্যবহার ফিটনেস বিশেষজ্ঞ সৌমেন দাস জানাচ্ছেন, মূলত ব্যথা কমানোর জন্য এর ব্যবহার হয়। এ ছাড়া, দেহের কোনও অংশে শক্ত হয়ে থাকা পেশিতে রক্তচলাচল বাড়িয়ে নমনীয়তা ফেরাতেও কাপিং উপযোগী। অ্যাকনে, একজিমার মতো ত্বকের সমস্যা, দেহে ইনফ্লমেশন, ব্যারিকোজ ভেন থেকে উপশম মিলতে পারে এই পদ্ধতিতে। তা ছাড়া, এটির মাধ্যমে ডিপ টিসু মাসাজও সম্ভব। কীভাবে হয় কাপিং থেরাপির নাম থেকেই স্পষ্ট, এতে কাপের মতো পাত্রের ডুমিকাই প্রধান। এই কাপ হতে পারে বিভিন্ন আকারের। সাধারণত এগুলি কাচ, মাটি, ধাতু বা বাঁশের তৈরি হয়। মূলত কাপের মধ্যে শূন্যস্থান

(ভ্যাকুয়াম) তৈরি করে সেগুলি দেহের নির্দিষ্ট জায়গায় উল্টো করে বসিয়ে দেওয়া হয়। এর ফলে কাপগুলি চামড়ার সঙ্গে ঐটে বসে যায়। এই ভাবে সেগুলি রেখে দেওয়া হয় তিন-চার মিনিট। এর ফলে ওই অংশের শিরাগুলি ফুলে ওঠে, রক্তচলাচল বাড়ে সেখানে। এর পরে কাপগুলি সরিয়ে নেওয়া হয়। প্রয়োজন বুঝে নির্দিষ্ট সংখ্যার কাপ ব্যবহার করেন থেরাপিস্ট। এ সব ক্ষেত্রে কাপের মধ্যে শূন্যস্থান তৈরি করতে আঙনের ব্যবহার করা হলেও আধুনিক পদ্ধতিতে অনেক সময়েই ব্যবহার করা হয় পাম্প কাপ। এতে যন্ত্রের সাহায্যে কাপের ভিতরের বাতাস বার করে নেওয়া হয়। এ ছাড়া, সিলিকন কাপের ব্যবহার করলে সেগুলি সহজেই ত্বকের উপর দিয়ে টেনে বিভিন্ন জায়গায় সরানো যায়। ডিপ টিসু মাসাজে এই পদ্ধতির ব্যবহার হয়। সৌমেন জানাচ্ছেন, এ ছাড়াও ওয়েট কাপিং নামে একটি পদ্ধতির চল রয়েছে। এতে কাপ বসানোরকিছু ক্ষণ পরে সেগুলি সরিয়েনেওয়া হয়। এর পরে ফুলে ওঠা অংশে ধারালো কিছু দিয়ে অগভীর ভাবে স্ক্রেট সামান্য রক্ত বার করে নেওয়া হয়। মনে করা হয়, এতে দেহের টনিক সহজেই বেরিয়ে যায়। এর পরে আবার কাপ বসানো হয়। পরে ওই অংশে ওষুধ লাগিয়েহালকা করে টেপ বা ব্যান্ডেজ করে দেওয়া হয়। কাপা করতে পারেন এই থেরাপি মূলত খেলাধুলোর সঙ্গে যুক্ত বা ফিটনেসপ্রেমীরা



করিয়ে থাকেন। তবে দ্রুত ব্যথামুক্তির জন্য সকলেই করতে পারেন এটি। রিউম্যাটিক, অ্যানিমিক রোগীরা, ত্বকের সমস্যা বা মাইগ্রেনে ভোগেন যারা, সকলেই উপকার পেতে পারেন এই থেরাপিতে। যারা দ্রুত ব্যথার উপশম চান, তাঁদের জন্য উপযুক্ত এই থেরাপি। কী কী সাবধানতা দরকার কাপিং সাধারণত নিরাপদ হলেও কয়েকটি জিনিস মাথায় রাখা দরকার। একটি বেসরকারি হাসপাতালের সঙ্গে যুক্ত ফিজিওথেরাপিস্ট অতনু হালদার বলেন, “কাপ দিয়ে ভ্যাকুয়াম তৈরির জেরে থেরাপির পরে ত্বকের উপরে গোল দাগ বেশ কিছু দিন থাকে। যারা এই থেরাপি করতে যাবেন, তাঁদের এই বিষয়টি মাথায় রাখতে হবে। থেরাপিস্টের অভিজ্ঞতা সম্পর্কে নিশ্চিত হয়ে তবেই যাওয়া উচিত। কারণ, এর

জন্য মানবদেহে পেশি, রক্তবাহী শিরা-ধমনীর অবস্থান সম্পর্কে ভাল জ্ঞান থাকা প্রয়োজন। ওয়েট কাপিংয়ের ক্ষেত্রে সাবধানতা বেশি দরকার, কারণ এতে সংক্রমণের ভয় থাকে। ব্যবহৃত কাপ ও অন্য জিনিস তিক মতো জীবাণুমুক্ত করা কি না, খোয়াল রাখতে হবে সেই দিকে।” এ ছাড়া, কাপ বসানোর সময়ে ব্যথা বা ত্বকের ক্ষতির আশঙ্কাও থাকে। অতনু জানান, কাপের ভ্যাকুয়ামের চাপ সহ্য করার জন্য কারও ত্বক উপযুক্ত কিনা, সেই দিকেও খোয়াল রাখতে হবে থেরাপিস্টকে। কত দিন দরকার সমস্যার গুরুত্ব বুঝে সেশনের প্রয়োজনীয়তা ঠিক করেন থেরাপিস্ট। সাধারণত, তিন-চারটি সেশনের প্রয়োজন পড়ে। তবে প্রথম বার থেকেই ফল মিলতে শুরু করে বলে জানাচ্ছেন থেরাপিস্টরা।

## রাতে ঘুমোনের আগে কেন কেশর দুধ খাবে

বিরিয়ানি হোক কিংবা ফিরনি রান্নার স্বাদ ও গন্ধ বাড়াতে জাফরান বা কেশরের কোনও তুলনা নেই। সামান্য কেশর যে কোনও খাবারে এনে দিতে পারে বাগদানি আমেজ। দাম অনেকটা বেশি হলেও এর চাহিদা কম নয়। শুধু স্বাদ নয়, কেশর পুষ্টিগুণেও ভরপুর। রোজ রাতে গরম দুধে কেশর মিশিয়ে খেলে শরীর চাঙ্গ থাকে। এ ছাড়া, রোজ কেশর চা খেলেও বেশ উপকার পাওয়া যায়। জেনে নিন রোজ নিয়ম করে কেশর খেলে কী লাভ হয় শরীরের। ১) ঋতুস্রাবচলাকালীন অনেকের পেটেই অসহ্য যন্ত্রণা হয়। এ ক্ষেত্রে কেশর চা দারণ



আরাম দেয়। দেহে হরমোনের ভারসাম্য রক্ষা করতেও এই পানীয় দারণ উপকারী। ২) কেশর অ্যান্টি-অক্সিড্যান্ট ভরপুর। অ্যান্টি-অক্সিড্যান্ট শরীর থেকে টক্সিন পদার্থগুলি বার করে দেয়।

এবং পিকোজেনসিনের মতো অ্যান্টি-অক্সিড্যান্টের একটি শক্তিশালী উত, যা অনিদ্রার মতো সমস্যাগুলি থেকে মুক্তি দিতে পারে। মানসিক ক্লান্তি দূর করতেও কেশরের তুলনা নেই। ৪) শরীরের বিপাকক্রিয়া বৃদ্ধি করতে সাহায্য করে এই পানীয়। আর বিপাকক্রিয়া বাড়লেই মেদ কম জমে। তাই পুজোর আগে ওজন কমাতে চাইলে রোজ কেশর চা খেতেই পারেন। ৫) কাপার সৃষ্টিকারী কোষগুলি ধ্বংস করতে কেশর জীবাণু উপকারী। এ ছাড়া, রক্তের শর্করা মাত্রা নিয়ন্ত্রণ করতে এবং দৃষ্টিশক্তি বাড়াতেও এই পানীয়টির জ্বাব নেই।

যখন জলে কেশর মিশিয়ে খাওয়া হয়, তখন পানীয়টি ত্বকে আর্দ রাখতে এবং ত্বকের জেলা ফিরিয়ে আনতে সাহায্য করে। ব্রণ, ত্বকের অন্যান্য সমস্যা থেকে দূরে রাখে। ৩) কেশর হল ক্রোমিন, সাফরানাল

## হেঁশেলের তাকে লুকিয়ে থাকা আরশোলা

হেঁশেলে আরশোলার উপদ্রব কমবে বলে পুরনো হেঁশেলের ভোল বদলে “মডিউলার” করে ফেলেছেন। কিন্তু সমস্যা যে কে সেই। উল্টে আরশোলার লুকোনোর জন্য প্রচুর জায়গা পেয়েছে। তার উপর এখন বর্ষাকাল। রান্নাঘরে খাওয়া এবং থাকার ব্যবস্থা করতে পারলে তারাও খানিকটা নিশ্চিত হতে পারে। কিন্তু সমস্যা হল এই আরশোলা এবং নানা রকম পোকামাকড়ের ঠেলায় সেখানে খাবার জিনিস খেতে রাখা দায়। ঝুড়িতে রাখা আলু, পাকেটে রাখা পাউরুটি সবই অর্ধেকটা করে খেয়ে




বেখে দিচ্ছে। লক্ষণগতর খা টেনেও কোনও লাভ হচ্ছে না। আর কোনও উপায় আছে কি? ১) পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে হেঁশেল থেকে আরশোলা এবং বিভিন্ন পোকামাকড়ের অত্যাচার প্রতিরোধ করতে

গেলে প্রথমেই পরিচ্ছন্নতার দিকে নজর দিতে হবে। খাবারের উচ্ছিন্ন, খাবার-সহ প্যাকেটের মুখ খুলে রেখে দেওয়া, খাবার নিতে গিয়ে মেঝেতে ছড়িয়ে রেখে দিলে কিন্তু আরশোলাদের আটকানো যাবে না। ২) ঢোকান

মুখ বন্ধ করতে হবে যে যে জায়গা দিয়ে পোকামাকড় ঢুকতে পারে, সেই সমস্ত প্রবেশপথ বন্ধ করে দিতে হবে। নিয়মিত পরিষ্কার রাখতে হবে হেঁশেলের সঙ্গে যুক্ত সমস্ত নালিমুখ। ৩) প্রাকৃতিক রেপেলেন্টস আরশোলা উপদ্রব কমাতে প্রাকৃতিক রেপেলেন্ট ব্যবহার করতে পারেন। জলের সঙ্গে পিপারমেন্ট অয়েল মিশিয়ে বাড়িতেই তৈরি করে ফেলতে পারেন স্প্রে। রান্নাঘরের প্রতিটি কোণে ছড়িয়ে রাখলে এই তেলের গন্ধে আরশোলা ধাবকে ছেড়ে আসতে সাহস পাবে না।

## ত্বকের স্বাস্থ্য ভাল রাখতে গেলে নিয়ম মেনে পরিষ্কার করতে হবে মুখ

সাধারণ মধ্যে যত রকম প্রসাধনী রয়েছে, প্রায় সবই এক বার করে মেখে ফেলেছেন। সুন্দর, নিটোল, রূপহীন, দাগ-ছোপহীন ত্বক পাওয়ার ইচ্ছে থাকে সকলেরই। কিন্তু ইচ্ছে থাকলেই তো আর তা পূরণ হয় না। নামীদামী প্রসাধনী মেখেও সমস্যা নিয়ন্ত্রণ করা যাচ্ছে না। বিশেষজ্ঞরা বলেন, ত্বকের ধরন অনুযায়ী বিভিন্ন প্রসাধনী ব্যবহার করলেই যে ত্বকের স্বাস্থ্য ভাল থাকবে এমনটা নয়। সেই প্রসাধনীগুলি ত্বকে মাথার পর ঠিক মতো কাজ করতে পারছে কিনা, তা দেখা জরুরি। সারা দিন বাইরে থেকে ঘুরে তেল, ধুলো-ময়লা জমে থাকা মুখে যতই নামীদামী প্রসাধনী মাখুন না কেন, তা কোনও উপকারেই আসবে না।



উত্তম হয়। তার উপর কোনও প্রসাধনী মাখলে তা কোনও কাজে আসবে না। তাই মুখ পরিষ্কার করতেই হবে। ২) উষ্ণ গরম জল-মুখ পরিষ্কার করতে ঠাণ্ডা বা গরম নয়, ঈষদৃষ্ণ জল ব্যবহার করতে বলেন বিশেষজ্ঞরা। খুব গরম জল ব্যবহার করলে ত্বক শুষ্ক হয়ে পড়তে পারে। আবার ঠাণ্ডা জলের ব্যবহারে ত্বক থেকে তেল বা ধুলো-ময়লা পুরোপুরি পরিষ্কার হতে পারে না। ৩) কোমল হাতে-সারা দিন কাজ করার পর রাতে মুখ পরিষ্কার করার সময়ে ঘুমোতে গিয়েছেন। তা হলে ঘুম থেকে উঠে আবার মুখ পরিষ্কার করার প্রয়োজন কোথায়? বিশেষজ্ঞরা বলেন, রাতে ঘুমের মধ্যেও ত্বকের গ্রন্থি থেকে সেবাম

শক্ত হাতে মুখে স্কাব ঘষেন। যার ফলে ত্বক ক্ষতিগ্রস্ত হয়। ৪) মেকআপ তুলতে হবেবাড়ি ফিরে ক্লান্ত লাগলেও মুখে মেকআপ তুলতে হবে। মেকআপের এতটুকু অংশে যেন মুখে লেগে না থাকে। না হলে ত্বকের উন্মুক্ত রক্তগুলি বন্ধ হয়ে সেখানে ব্রণ দেখা দিতেই পারে। ৫) ময়শচারাইজার তবে মুখ পরিষ্কার করার পরে কিন্তু মুখে ময়শচারাইজার মাখতে ভুলবেন না। ফেসওয়াশ যতই মাইল্ড হোক, তা ত্বকের স্বাভাবিক তেলের পরিমাণ কিছুটা হলেও কমিয়ে দেয়। ফলে আর্দ্রতার অভাব হতেই পারে। তাই মুখ ধোয়ার সঙ্গে সঙ্গেই মুখে ময়শচারাইজার মেখে নেওয়া জরুরি।

প্রত্যেক দিনের খাদ্যচাহিদায় ক্যালশিয়ামের গুরুত্বের কথা কমবেশি সকলেই জানি আমরা। কিন্তু তার কতটা পূরণ হয় রোজ? যারা ক্যালশিয়াম সাপ্লিমেন্ট নেন, তা অন্য কোনও বিপদ ভেঙে আনবে না তো? যারা দুধ কিংবা দুগ্ধজাত খাবার খেতে পারেন না, তাঁরাই বা কী ভাবে ক্যালশিয়ামের জোগান নিশ্চিত করেন? এমনই সব প্রশ্নের সমাধান জেনে রাখা দরকার।

শুধু বাঙালিরাই নয়, সমুদ্রের ধারে ঘুরতে গেলে অনেকেই মাছের প্রতি আলাদা টান অনুভব করেন। সকালে সমুদ্রস্নান সেরে, বিকেলে সমুদ্রের পাশে বসে মাছভাজা খাওয়ার মজাই আলাদা। অনেকেই মনে করেন, সমুদ্রের ধারে যত টাটকা মাছ পাওয়া যায়, তা অন্য কোথাও পাওয়া সম্ভব নয়। এ কথা অস্বীকার করার কোনও উপায় নেই। মাছ বা সামুদ্রিক জীব টাটকা হওয়া সত্ত্বেও যত পেটের রোগ বা অ্যালার্জিকজনিত সমস্যা কিন্তু শুরু হয় এই সমস্ত ভাজা খাওয়ার পর থেকেই। তাই চিকিৎসকেরা বলছেন, খোয়ার আনন্দ মাটি না করতে চাইলে এই সব সামুদ্রিক খাবার এড়িয়ে চলাই ভাল।

বর্ষাকালে সামুদ্রিক মাছ খাবেন না কেন? ১) জলজ দুগ্ধ বৃষ্টির জলে নানা জায়গা থেকে নোংরা, ধুলো-ময়লা সমুদ্রে এসে মেশে। এই দুগ্ধের ফলে মাছ, সামুদ্রিক জীবেরাও সংক্রামিত হয়। এই ধরনের মাছ যতই টাটকা হোক না কেন, তা খেলে পেটের রোগ হতে বাধ্য। ২) পায়দ সংক্রমণ বর্ষাকালে আরও একটা সমস্যা হল জলের মধ্যে পায়দ মাত্রা বেড়ে যাওয়া। পায়দ এমনিতেই বিসাক্ত একটি ষাটু। জলের মধ্যে থাকা এই অ্যালার্জিকজনিত সমস্যা কিন্তু শুরু হয় এই সমস্ত ভাজা খাওয়ার পর থেকেই। তাই চিকিৎসকেরা বলছেন, খোয়ার আনন্দ মাটি না করতে চাইলে এই সব সামুদ্রিক খাবার এড়িয়ে চলাই ভাল।



বোকা যায় না। ফলে এই ধরনের মাছ থেকে সংক্রমণের ঝুঁকি থেকেই যায়। ৩) অ্যালার্জিক রোগ সামুদ্রিক খাবার থেকে অনেকেরই অ্যালার্জি হয়। এই সমস্যা কিন্তু বেড়ে যেতে পারে বর্ষায়। যে হেতু এই সময়ে শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা কম থাকে তাই

চট করে এই ধরনের সমস্যা প্রভাব ফেলেতে পারে। এ ছাড়াও বর্ষাকালে পরজীবীদের সংখ্যাও বেড়ে যায়। জলের মধ্যে থাকা মাছদের শরীর থেকে সহজেই তা মানবদেহে প্রবেশ করতে পারে। ফলে পেটব্যথা, বমি, পেটখারাপের মতো সমস্যা হতেই পারে।

## ক্যালশিয়ামের কমবেশি

প্রত্যেক দিনের খাদ্যচাহিদায় ক্যালশিয়ামের গুরুত্বের কথা কমবেশি সকলেই জানি আমরা। কিন্তু তার কতটা পূরণ হয় রোজ? যারা ক্যালশিয়াম সাপ্লিমেন্ট নেন, তা অন্য কোনও বিপদ ভেঙে আনবে না তো? যারা দুধ কিংবা দুগ্ধজাত খাবার খেতে পারেন না, তাঁরাই বা কী ভাবে ক্যালশিয়ামের জোগান নিশ্চিত করেন? এমনই সব প্রশ্নের সমাধান জেনে রাখা দরকার।

ডায়াটিশিয়ান সুবর্ণা রায়চৌধুরী বলেন, ১৯ থেকে ৫০ বছর বয়সিদের ক্যালশিয়ামের প্রয়োজনীয়তা প্রত্যেক দিন কমবেশি ১০০০ মিলিগ্রাম। ৫১ থেকে ৭০ বছর বয়সি মহিলাদের এই প্রয়োজনীয়তা আবার ১২০০ মিলিগ্রাম। আড়াইশো মিলিগ্রামের দুধ, একটা ডিম, একশো-দেড়শো গ্রাম মাছ, একটু শাক-আনাড় আর একটা ক্যালশিয়াম সাপ্লিমেন্ট নিলেই এই চাহিদা রোজ মিটিয়ে ফেলা সম্ভব। এ বার প্রশ্ন হল, এই সাপ্লিমেন্ট নেওয়ার সময়ে আমরা খোয়াল করি কি যে, তাতে ক্যালশিয়ামের মাত্রা কতখানি? ট্যাবলেট যদি ৫০০ মিলিগ্রামের হয়, তাহলে খাবার সেই মতো ব্যালান্স করতে হবে। অতিরিক্ত হলে হিতে বিপরীত হতে পারে। অতিরিক্ত ভাল নয়-মাত্রাতিরিক্ত ক্যালশিয়াম শরীরে প্রবেশ করলে তা থেকে হতে পারে ক্যালশিয়াম ডিপোজিট। গলভাড়ার স্টোন, কিন্তু স্টোন থেকে শুরু করে হার্টের সমস্যার মতো কঠিন অসুখও ভেঙে আনতে পারে তা। বমি ভাব,



গা হাত পা ফুলে যাওয়ার মতো প্রাথমিক লক্ষণ দেখা দিলেই সতর্ক হোন। খাবার এবং সাপ্লিমেন্ট মিলিয়ে অতিরিক্ত ক্যালশিয়াম শরীরে প্রবেশ করলে না তো? গর্ভাবস্থায় অনেকেই ভালমন্দ খাওয়ার পাশাপাশি ক্যালশিয়াম সাপ্লিমেন্ট খান। সঙ্গে অনেকে পাউডার বেসড ভিটামিন-মিনারেল সাপ্লিমেন্টও খেয়ে থাকেন। দৈনিক ১০০০ মিলিগ্রামের চাহিদা কোনও ভাবে পূরণ হয়ে গেলেই আর সাপ্লিমেন্টের দরকার পড়ে না, এটা মাথায় রাখা জরুরি। একটানা কোনও সাপ্লিমেন্ট খাওয়াই

উচিত নয়। মাসটিনেক খেয়ে একটু বিরতি দিয়ে আবার শুরু করতে পারেন। সেই সময়ে খাবারের মাধ্যমে দৈনিক চাহিদা যাতে পূরণ হয়, সে দিকে খোয়াল রাখতে হবে। দুধ না খেলে-ল্যাকটোজ ইনটলারেন্টরা সরাসরি দুধ খেতে না পারলেও দই, ছানা, চিজ বা অন্য দুগ্ধজাত খাবারের মাধ্যমে ক্যালশিয়াম পেতে পারেন। আবার দুগ্ধজাত কোনও খাবারই খেতে পারেন না যারা, তাঁরা বেছে দিনি সয়া-বেসড খাবার। সয়া মিষ্ক, টোফু ইত্যাদির মাধ্যমে ক্যালশিয়ামের চাহিদা পূরণ হতে পারে।







## নির্বাচন কমিশনগুলির জাতীয় সম্মেলনে অংশগ্রহণ করল ত্রিপুরা

আগরতলা, ৬ মার্চ। গত ১ মার্চ থেকে ৪ মার্চ মধ্যপ্রদেশের সিওনি জেলায় এমপিটি কি পলিসি কোর্টের রাজ্য নির্বাচন কমিশনগুলির ৩২তম জাতীয় সম্মেলন অনুষ্ঠিত হয়। এতে ত্রিপুরা রাজ্য নির্বাচন কমিশনার শরদীন চৌধুরী এবং কমিশনের সচিব অসিত কুমার দাস যোগান করেন। বিভিন্ন রাজ্যের নির্বাচন কমিশনার, সচিব এবং অন্যান্য কর্মকর্তাগণ এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। রাজ্যের স্থানীয় সংস্কারগুলির নির্বাচনের সময় যেসব চাল্যের মুখোমুখি হতে হয় সেগুলি মোকাবেলা করার উপায় নিয়ে সেখানে বিস্তারিত

আলোচনা হয়। সম্মেলনে নির্বাচন কমিশনারের পক্ষ থেকে নির্বাচনী প্রক্রিয়া পরিচালনা পদ্ধতি সম্পর্কে একটি তথ্যচিত্র দেখানো হয়। এতে সাধারণ পাঠ্যে নির্বাচন-২০২৪ এর সময় ভোটের ফলাফল সর্বসাধারণের অবগতির জন্য এনআইসি এর যৌথ উদ্যোগে একটি অনলাইন এপ্লিকেশন তৈরি এবং এর ব্যবহার সম্পর্কে বিস্তারিত তথ্য তুলে ধরা হয়। যারা সত্য ভোটার হয়েছেন এবং যাদের তাদের গণতান্ত্রিক প্রক্রিয়া সম্পর্কে

সচেতন করতে এবং রাজ্য নির্বাচন আয়োগের ভূমিকা সম্পর্কে অবগত করার ব্যাপারে বিভিন্ন কলেজে বা শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রছাত্রীদের নিয়ে সচেতনতামূলক অনুষ্ঠান করা হয়। সেই বিষয়টিও তথ্যচিত্রে তুলে ধরা হয়। এছাড়াও বিভিন্ন রাজ্য নির্বাচন কমিশনের সঙ্গে তথ্য আদান প্রদানের মাধ্যমে সমৃদ্ধ হওয়ার বিষয়টিও তথ্যচিত্রে তুলে ধরা হয়। সম্মেলনে একটি ভোট গ্রহণ কেন্দ্রে কাগজবিহীনভাবে পরিচালনা করার একটি বাস্তব প্রদর্শনী মধ্যপ্রদেশ রাজ্য নির্বাচন আয়োগ দ্বারা উপস্থাপিত করা হয়। কৌশলগত ভাবে নির্বাচনী কাজের স্বচ্ছতা বাড়ানোর লক্ষ্যে

অনলাইনের মাধ্যমে ভোট গ্রহণ করার পদ্ধতি স্থানীয় সংস্কারগুলির নির্বাচনে কিভাবে বাস্তবায়িত করা হবে সেই বিষয়টিও সম্মেলনে আলোচনা করা হয়। ইলেকট্রনিক পের্পোরেশন অফ ইণ্ডিয়া লিমিটেড, ভারত ইলেকট্রনিক পের্পোরেশন, এবং আইটিআই লিমিটেড, ব্যাঙ্গালোরের মতো অন্যান্য সংস্থার প্রতিনিধিরা নির্বাচনে ইডিএমের মাধ্যমে ভোটগ্রহণের সুবিধা এবং অন্যান্য নতুন প্রযুক্তি ব্যবহারের উপর আলোচনা করেন। রাজ্য নির্বাচন কমিশনের পক্ষ থেকে এক প্রেস রিলিজ এই সংবাদ জানানো হয়েছে।



প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

## এমএমডি কলেজে সপ্তাহব্যাপী আন্তর্জাতিক নারী দিবস উদযাপন এবং সংবর্ধনা কর্মসূচি

নিজস্ব প্রতিনিধি, সাক্ষর, ৬ মার্চ: সার্বভৌম মাইকেল মধুসূদন দত্ত কলেজ (এমএমডি) ওমেন্সেসের উদ্যোগে আজ বিপুল উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে সপ্তাহব্যাপী নারী দিবস উদযাপনের অঙ্গ হিসেবে নারী সংবর্ধনা ও বালাবিবাহ রোহে এক সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করা হয় কলেজের হলঘরে। উপস্থিত ছিলেন রমা পোদার (দে), চেয়ারপারসন, সাক্ষর নগর পঞ্চায়েত, সবিতা দেবনাথ, বিদ্যালয় পরিদর্শক, টিটিএডিসি, রতনপুর, বিলোনিয়া, দক্ষিণ ত্রিপুরা, ইলা মজুমদার, অসমপ্রাপ্ত প্রধান শিক্ষিকা, নং-২ জলাফা এইচএস স্কুল ও জবা দত্ত, অসমপ্রাপ্ত শিক্ষিকা, নং-২ জলাফা এইচএস স্কুল, কলেজ অধ্যক্ষ ড. অনুপম গুহ ও উপস্থিত অধ্যাপক-অধ্যাপিকাদের সম্মিলিত সবুজ বৃক্ষে জল সিঞ্চনের মধ্যদিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা হয়। রিসা ও ফুল দিয়ে অতিথিদের বরণ ও উদ্ভোধনী সঙ্গীত পরিবেশন করে কলেজের ছাত্রীরা। আমাদের রাজ্যের এ বছরের থিম: 'বালাবিবাহ

এবং সমাজ থেকে অন্যান্য সামাজিক ক্ষয়লক্ষী দূরীকরণ এবং নারী ক্ষমতায়ন' লক্ষ্য দেশের উন্নয়নের জন্য মেয়েদের সঠিক লালন পালনসহ সমস্ত সামাজিক ব্যাধি দূরীকরণ তথা সঠিক ভবিষ্যৎ গঠনে তরুণীদের উৎসাহিত করা। এই দিন উদযাপন মূল লক্ষ্যেই হল প্রত্যেক নারীকে সমান করা এবং তাঁদের কৃতিত্বের জন্য প্রশংসা করা। আজ নারীরা প্রতিটি ক্ষেত্রেই, 'হোক বিজ্ঞান প্রযুক্তি বা খেলার জগত কিংবা অন্যান্য আধুনিক প্রযুক্তি, মেয়েরা ছেলেরা সঙ্গ সমান ভাবে এগিয়ে চলেছে।' বোটি বাটাও বোটি পড়া' প্রকল্প যা লিঙ্গ বৈষম্য মোকাবেলা এবং নারীর ক্ষমতায়নে নিরাপদ ভবিষ্যৎ নিশ্চিত করেছে। বাঁসির রানী লক্ষ্মী বাঈ থেকে শুরু করে কল্পনা চাওলা প্রত্যেকের অবদানের কথা অতিথিরা আলোচনা করেছেন। উপস্থিত সকলকেই বর্তমান আধুনিক শিক্ষাব্যবস্থার সঠিক মূল্যায়নে এগিয়ে যাওয়ার কথা বলেন। অধ্যক্ষ ড. অনুপম গুহ

মেয়েদের সুরক্ষা, জনহত্যা এবং কন্যাশিশুর হত্যার মতো অমানবিক কাজের বিরুদ্ধে লড়াই সহ নারী শিক্ষার প্রসারে সকলকে এগিয়ে আসার আহ্বান করেন। তিনি কলেজ ওমেন্সেসের সপ্তাহব্যাপী সাফাই অভিযান, ছাত্রছাত্রীদের মধ্যে বালাবিবাহ রোহে পোস্টার প্রতিযোগিতা, এনএসএস অভিযোজিত গ্রাম বিবেকনন্দন পরিষেবা বালাবিবাহ রোহে সচেতনতামূলক অনুষ্ঠানসহ বিভিন্ন কর্মসূচি পালন এবং আগামী দিনে পরিকল্পনার কথা বলেন। অনুষ্ঠানে উপস্থিত অতিথিদের সম্মাননা জানানো হয়। পোস্টার প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানীয়কারী জয়ন্তী দে, তম্ময় দাস এবং সুচরিতা দেবনাথকে পুরস্কৃত করা হয়। ড. দীপঙ্কর দেব অনুষ্ঠানে বিশেষ আলোচনা করেন। ড. মহেশ চৌধুরী ও ড. সুদীপ গোস্বামী স্বাগত ভাষণ ও ধন্যবাদ জ্ঞাপন করেন। ছাত্রছাত্রীদের অংশগ্রহণ ছিল লক্ষ্যমূল্য। সমবেত জাতীয় সঙ্গীতের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

## জোলাইবাড়ী দ্বাদশশ্রেণী বিদ্যালয়ে অনুষ্ঠিত হতে যাচ্ছে প্ল্যাটিনাম জুবলি

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ মার্চ: ১৯৫১ সালের ৯ই মার্চ জোলাইবাড়ী শিকানুরাগী ও এলাকার শুভবুদ্ধিসম্পন্ন লোকজনদের হাত ধরে জোলাইবাড়ী দ্বাদশশ্রেণী বিদ্যালয়ের পঞ্চাশ গুণক হয়েছিল। ২০২৫ সালের ৯ই মার্চ বিদ্যালয়

৭৫ বছরে পূর্ণাবলী হবে। আগামী ৯ই মার্চ ৭৫ বছর পূর্তি উপলক্ষে বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষিকা, এলাকাবাসী ও স্থানীয় জনপ্রতিনিধিদের উদ্যোগে অনুষ্ঠিত হতে যাচ্ছে প্ল্যাটিনাম জুবলি অনুষ্ঠান। একগুচ্ছ কর্মসূচি নিয়ে এই অনুষ্ঠান অনুষ্ঠিত করা

হবে। অনুষ্ঠানকে কেন্দ্র করে আগামী ৮ই মার্চ সন্ধ্যায় অনুষ্ঠিত করা হবে মশলা র্যালি। ৯ই মার্চ সকালবেলায় অনুষ্ঠিত করা হবে প্রভাতফেরী। ৯ই মার্চ সকাল ১১ ঘটিকায় অনুষ্ঠানের শুভসূচনা করবেন স্থানীয় বিধায়ক তম্ময় দে ও পঞ্চাচারন নোয়াতিয়া। অনুষ্ঠানে

বিদ্যালয়ে বর্তমান শিক্ষক, শিক্ষিকা, ছাত্র, ছাত্রী ও প্রাক্তন শিক্ষক, শিক্ষিকা, ছাত্র, ছাত্রীরা উপস্থিত থাকবে। অনুষ্ঠানের সার্বিক দায়িত্ব সংবহনমাধ্যমের সামনে তুলে ধরলেন বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধানশিক্ষক দীপক রায়।

## হাইকোর্টের নির্দেশে পুনরায় প্রকাশিত হবে কো-অপারেটিভ ব্যাঙ্কের চূড়ান্ত নিয়োগ তালিকা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ মার্চ। হাইকোর্টের নির্দেশে মহিলাদের জন্য ৩৩ শতাংশ সংরক্ষন রেখেই পুনরায় প্রকাশিত হবে ত্রিপুরা স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের নিয়োগ বিজ্ঞপ্তি। তাত্ত্বিক চাকরিপ্রার্থীদের নাম্বারে কোনো ধরনের বদল হবে না। শুধুমাত্র মহিলাদের ক্ষেত্রে সংরক্ষণ যে সমস্যা হয়েছে তাই পরিবর্তন করে নতুন চূড়ান্ত নিয়োগ তালিকা প্রকাশ করা হবে। বৃহস্পতিবার সাংবাদিক সম্মেলন করে এই কথা জানিয়েছেন ত্রিপুরা স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড -এর চেয়ারম্যান নাগধিরাজ দত্ত। তিনি বলেন, বিভিন্ন পদে ১৫ জন নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছিল। ২০২৪ সালের ৩-৪-৫ মে এই পরীক্ষা নেওয়া হয়েছে। এই পরীক্ষার উপর ভিত্তি করে আই বি পি এস তিনটি বিভাগে ৬৫৮ জন প্রার্থীকে সংক্ষিপ্ত তালিকাভুক্ত করেছে। অ্যাপিটেন্ট ম্যানেজার -২১০ জন, কাশ-কাম-জেনারেল ক্লার্ক-৩২৯ জন এবং এমটিএস-১১৯ জন প্রার্থী। ৬৫৮ জন প্রার্থীর রোল নম্বর অনুসারে তালিকাভুক্ত প্রার্থীর তালিকা ২০২৪ সালের ২০ আগস্ট ব্যাঙ্কের ওয়েবসাইটে এবং ২১ আগস্ট স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত হয়েছিল। তারপর থেকে ২০২৪ সালের ১৯ অক্টোবর থেকে ৩০ অক্টোবর পর্যন্ত আগরতলার প্রেস ক্লাবে ৬৫৮ জন প্রার্থীর মৌখিক পরীক্ষা গ্রহণ করা হয়। ২০২৫ সালের ২১ ফেব্রুয়ারি ব্যাঙ্ক

আইবিপিএস — এর এসএফটিপি — এর মাধ্যমে ১৫৬ টি পদের জন্য চূড়ান্ত নিয়োগের ফলাফল ঘোষণা করা হয়। এই ফলাফল প্রকাশের পর, ৪ জন প্রার্থীর কাছ থেকে একটি আবেদন জমা করা হয় ব্যাঙ্ক কর্তৃপক্ষের কাছে। এছাড়াও, ত্রিপুরার হাইকোর্টে একটি রিট পিটিশন আবেদন করা হয়। আবেদনে অভিযোগ করা হয়েছে যে ৩৩ শতাংশ মহিলা সংরক্ষণ নীতি বাস্তবায়নে বিলম্বিত হয়েছে। ব্যাঙ্ক ইতিমধ্যেই ইনস্টিটিউট অফ ব্যাংকিং প্যানেলের সিলেকশনের সাথে যোগাযোগ করেছে, চূড়ান্ত ফলাফল পর্যালোচনা করার জন্য অনুরোধ করেছে এবং ত্রিপুরা রাজ্য সরকারের বিজ্ঞপ্তিতে নির্ধারিত সকল শ্রেণীর জন্য অনুভূমিকভাবে ৩৩ শতাংশ মহিলা সংরক্ষণ নীতি প্রণয়নের জন্য বলেছে। ব্যাঙ্ক আইবিপিএসকে সংশোধিত চূড়ান্ত নির্বাচন তালিকা এবং অপেক্ষা তালিকা যত তাড়াতাড়ি সম্ভব প্রকাশ করার জন্য বলেছে। এদিকে হাইকোর্ট ৫ মার্চ রিট আবেদনটি নিষ্পত্তি করেছেন। ত্রিপুরার মাননীয় হাইকোর্টের নির্দেশ অনুসরণ করে ব্যাঙ্ক এখন আইবিপিএসের সাথে যোগাযোগ করেছে যাতে সংশোধিত নির্বাচন তালিকা এবং অপেক্ষা তালিকা যত তাড়াতাড়ি সম্ভব প্রকাশ করা যায়। অবিলম্বে চূড়ান্ত তালিকা প্রকাশিত হবে বলে জানিয়েছেন ব্যাঙ্ক চেয়ারম্যান। আগামী এপ্রিল মাসেই অফার লেটার বিতরণ করা হবে বলে জানানো হয়েছে।

## কারখানায় শ্রমিকদের নিয়ে সচেতনতা শিবির

নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ৬ মার্চ: ৫৪ তম জাতীয় সুরক্ষা দিবস এবং জাতীয় সুরক্ষা সপ্তাহ উপলক্ষে কারখানায় কর্মরত শ্রমিকদের নিয়ে সচেতনতা শিবির অনুষ্ঠিত হয় আজ। ত্রিপুরা সরকারের ফ্যাক্টরিজ এন্ড ওয়ারহাউস অর্গানাইজেশনের উদ্যোগে এস বি সি নগর মোহন গিরি গ্রিকস ইন্ডাস্ট্রিতে কারখানায় কর্মরত শ্রমিকদের নিয়ে সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। সুরক্ষা শুধুমাত্র দায়িত্ব এবং কর্তব্য পালন করা নয়। সুরক্ষা নিশ্চিত করতে হবে প্রয়োজনের তাগিদে।

অতিথিগণ আলোচনা রাখতে গিয়ে কারখানায় শ্রমিকরা কর্মরত অবস্থায় কিভাবে নিজেদের সুরক্ষিত রাখবেন সেই বিষয়ে বলাতে গিয়ে শ্রমিকরা কারখানায় কাজ করতে গিয়ে কি কি সাবধানতা অবলম্বন করা দরকার এবং দপ্তর কর্তৃক শ্রমিকদের সুরক্ষায় কেন্দ্র ও রাজ্য সরকার কর্তৃক নেওয়া বিভিন্ন প্রকল্পের কথাগুলো যেমন আলোচনার মধ্যে তুলে ধরেন এবং সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। বৃহস্পতিবার প্রদীপ প্রজ্জ্বলন করে সচেতনতা শিবিরের উদ্বোধন করেন মহেশ উপলি অতিথিগণ। উদ্ভোধনী অনুষ্ঠানের পর

পাশাপাশি কারখানার মালিক ও শ্রমিকদের নিরাপত্তা ও সুরক্ষার স্বার্থে কারখানা আইন যথাযথ ভাবে মেনে চলার কথা বলেন অতিথিগণ। সচেতনতামূলক কর্মসূচিতে উপস্থিত ছিলেন ফ্যাক্টরি এন্ড ওয়ারহাউস অর্গানাইজেশনের চিফ ইনস্পেক্টর ইনিহার সূত্র্যপাল মজুমদার, দক্ষিণ ত্রিপুরা জেলা শ্রম আধিকারিক রবীন্দ্র সরকার, দক্ষিণ ত্রিপুরা জেলা শিল্প প্রশিক্ষণ কেন্দ্রের আধিকারিক হিমাত্রি শেখর নাথ, বিলোনিয়া আইটিআই প্রিন্সিপাল ইনিহার সোমরাজ মজুমদার সহ অন্যান্য অতিথিগণ।

## কংগ্রেসের অসংগঠিত শ্রমিক সংগঠনের কর্মীসভা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর, ৬ মার্চ: প্রদেশ কংগ্রেসের ডাকা আগামী ১১ মার্চের জনসভাকে সফল করবে বৃহস্পতিবার কল্যাণপুর কংগ্রেস ভবনে রুক কংগ্রেস কমিটি এবং রুক অসংগঠিত শ্রমিক সংগঠন এর উদ্যোগে একদিনের এক কর্মীসভা অনুষ্ঠিত হয়। কর্মীসভা থেকে আগোজাউটে যারা বর্তমানে শাসকের দলে থেকে ব্যক্তিগত, নেরোজা, ও বিবেদকর্মী শক্তি হিসাবে মানুষ মানুষে বিভাজন সৃষ্টি করছে তাদের গণতান্ত্রিক উপায়ে ছুড়ে ফেলে দেবার।

বৃহস্পতিবার এর কর্মী সভায় উপস্থিত ছিলেন প্রদেশ অসংগঠিত শ্রমিক সংগঠন এর রাজ্য চেয়ারম্যান শান্তনু পাল, খোয়াই জেলা কংগ্রেস সভাপতি প্রদ্যুৎ উচার্য, রাজ্য নেতৃত্ব প্রদীপ রায়, রুক কংগ্রেস সভাপতি প্রশান্ত দেব সহ নারী নেতৃত্ব সহ কংগ্রেস এর বিভিন্ন শাখা সংগঠন এর নেতৃত্বরা। প্রদেশ কংগ্রেস সম্পাদক কার্তিক দেবনাথ বলেন জয় বাপু, জয় ভীম, জয় সংবিধান স্লোগান কে সামনে রেখে আগামী ১১ মার্চ মদলবার কল্যাণপুর থেকে অধিক সংখ্যক কর্মী জমায়েতে যোগ

দেবে। আজ থেকেই তার প্রচার সাধারণ মানুষের মধ্যে শুরু করে দেওয়া হয়েছে। কার্তিক দেবনাথ বলেন ছাত্র, যুবক, নারী, শ্রমিক, কৃষক কেও শান্তি তে নেই এই সরকার এর আমলে। একমাত্র রালফ গান্ধীর নেতৃত্বে কংগ্রেস দলেই সাধারণ মানুষের কথা চিন্তা করে। যা কংগ্রেস বরাবর করে এসেছে। মনমোহন সিং জমানায় নেওয়া সিদ্ধান্ত এর সফল পাঁচ বছর সরকার। ১১ মার্চ একটি অ্যাসিড টেস্ট হবে যে রাজ্যের মানুষ কাকে ক্ষমতা চায়।

## বিশ্রামগঞ্জ বাজারে বিজেপির প্রচার ও মিছিল

আগরতলা, ৬ মার্চ: আগামী ৯ মার্চের জনসভাকে সফল করার লক্ষ্যে রাজ্যের ৬০টি মন্ডলে চলাছে বিজেপি দলের বিভিন্ন কর্মসূচি। এরই অঙ্গ হিসেবে আজ দুপুরে চড়িলাম বিজেপি মন্ডলের উদ্যোগে বিশ্রামগঞ্জ বাজারে বিজেপির বিশাল মিছিল বের হয়েছে। এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে দলের এক কার্যকরতা বলেন,

আগামী ত্রিপুরায় বিজেপি সরকারের দ্বিতীয় বছর পূর্তি উপলক্ষে ৯ মার্চ স্থানীয় বিবেকানন্দ ময়গাণ্ডে বিশাল জনসভায় উপস্থিত থাকবেন বিজেপির সর্বভারতীয় সভাপতি তথা স্বাভাৱ্য মন্ত্রী জে পি নাড্ডা। ওই জনসমাবেশকে সাফল্যমন্ডিত করতে আজ দুপুরে চড়িলাম বিজেপি মন্ডলের উদ্যোগে বিশ্রামগঞ্জ বাজারে বিশাল মিছিল বের হয়েছে।

এদিনের মিছিলটি বিশ্রামগঞ্জের বিভিন্ন পথ পরিক্রমা করে। এদিনের এই মিছিল উপস্থিত ছিলেন বিজেপি মন্ডল সভাপতি তাপস দাস বিজেপি নেতা অমল দেবনাথ, প্রদেশ যুব মোর্চার ভাইস প্রেসিডেন্ট সঞ্জিত রিয়াং সহ মন্ডলের অন্যান্য নেতৃত্বরা। মূলত ৯ই মার্চ সেই মিছিলকে সার্থক ও সফল করার লক্ষ্যে মিছিল থেকে আগোজা তোলেন কর্মীরা।

**DIRECTORATE OF SKILL DEVELOPMENT**  
Now open for youth  
**The PM Internship Portal is live again**  
and registrations have begun!

Grab your opportunity  
Connect with and learn from India's top companies  
Get trained in over 25 sectors including Automotive, Energy, Manufacturing, etc. through a 12-month internship  
Strengthen your professional network with real world experiences

₹ 5000 Monthly Internship Allowance | ₹ 6000 One-time Grant  
Give your career a Kickstart today!

Register now at: [pminternship.mca.gov.in](https://pminternship.mca.gov.in)  
Listen to the experiences of fellow youth!  
Scan to know more.

6009384546/04139 96377  
sk@tripura@gmail.com  
#PMInternship #MCA21 #YouthEmpowerment